



গণভোট আইন আসছে ৩-৪ কার্যদিবসের মধ্যে: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

গণভোট আইন প্রণয়নের কাজ আগামী তিন থেকে চার কার্যদিবসের মধ্যেই সম্পন্ন হবে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল। বৃহস্পতিবার (২০ নভেম্বর) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে এক ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান।

আইন উপদেষ্টা বলেন, বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা নিশ্চিত করতে পৃথক সুপ্রিম কোর্ট সচিবালয় গঠনের অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ। এই সচিবালয় নিম্ন আদালতের বিচারকদের প্রশাসনিক সব কার্যক্রম পরিচালনা করবে, ফলে তাদের ওপর সরকারের নিয়ন্ত্রণের অবকাশ থাকবে না। সচিবালয় গঠনের পরই সিদ্ধান্ত কার্যকর হবে।

তিনি জানান, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান কামালকে দেশে ফিরিয়ে আনতে ভারত সরকারের কাছে চিঠি পাঠানোর প্রক্রিয়াও শুরু হয়েছে।

তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা নিয়ে তিনি বলেন, আজকের রায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। একসময় অবৈধ ঘোষণা দেওয়ার সুযোগে পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে এ ব্যবস্থা বাতিল করা হয়েছিল। তবে আজকের রায় সেই অবৈধ ঘোষণার সিদ্ধান্ত বাতিল হওয়ায় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা আবার ফিরে এলো।